6

দৈনিক বাংলা

তারিখ 07 AUG 1995
পৃষ্ঠা ১ কলাম ১

## ঢাকার ৬টি কলেজের ছাত্র সংসদ নেতাদের সাক্ষাৎ

# শিক্ষার্জনই ছাত্রদের প্রধান দায়িত্বঃ খালেদা জিয়া

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বলেছেন, ছাত্রদের প্রথম ও প্রধান কাজ হচ্ছে জ্ঞান অর্জন করা। তিনি দেশের ভবিষ্যৎ নেতা হিসাবে নিজেদেরকে গড়ে তোলার জন্য পড়াশুনায় মনোনিবেশ করতে ছাত্রদের প্রতি আহবান জানান। খবর বাসস'র।

প্রধানমন্ত্রী রোববার রাতে ঢাকায় তাঁর ৩০ হেয়ার রোডের কার্যালয়ে এক ছাত্র সমাবেশে বক্তৃতা করার সময় একথা বলেন। প্রধানমন্ত্রী খালেদা জিয়া বলেন, ছাত্রদের প্রথম কাজ হচ্ছে জ্ঞান অর্জন করা। তিনি বলেন, বর্তমান সরকার সবার জন্য শিক্ষার ব্যাপক সুযোগ সৃষ্টি করতে সকল পদক্ষেপ নিয়েছে। প্রধানমন্ত্রী বলেন, ছাত্রদের দ্বিতীয় কাজ হতে পারে রাজনীতি।

প্রধানমন্ত্রীর সঙ্গে ঢাকা মহানগরীর ছয়টি কলেজের ছাত্র সংসদের নির্বাচিত নেতৃবৃন্দ ও সদস্যদের সৌজন্য সাক্ষাৎ উপলক্ষে ঐ ছাত্র সমাবেশ অনুষ্ঠিত হয়। উল্লেখ্য, বিএনপির ছাত্র শাখা জাতীয়তাবাদী ছাত্রদল ঐ ছয়টি কলেজে জয়লাভ করেছে। কলেজের শিক্ষকরাও এ সময় উপস্থিত ছিলেন।

কলেজগুলো হচ্ছে, সরকারী তিতুমীর কলেজ, বাংলাদেশ কৃষি ইনস্টিটিউট, সরকারী বাংলা কলেজ, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, টিএন্ডটি কলেজ এবং খিলগাঁও মডেল ডিগ্রি কলেজ।

ঐ ছাত্র সমাবেশে সভাপতিত্ব করেন জাতীয়তাবাদী ছাত্রদল ঢাকা মহানগর শাখার সভাপতি নাসিরুদ্দিন আহমেদ পিন্টু। সভায় অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, শিক্ষামন্ত্রী জমির উদ্দিন সরকার, ডাকসু ভিপি আমান উল্লাহ আমান এমপি, ডাকসু জিএস খায়রুল কবির খোকন, কেন্দ্রীয় ছাত্রদল সভাপতি ফজলুল হক মিলন, সাধারণ সম্পাদক নাজিমউদ্দিন আলম, সাংগঠনিক সম্পাদক আবুল খায়ের ভুঁইয়া এবং ঐ ছয়টি কলেজের ভিপি আবুল কালাম, আসিফ ইকবাল চৌধুরী, এসএম মিজানুর রহমান, শামীম পারভেজ, মুরাদুল হাসান ও মোহাম্মদ হানিফ।

প্রধানমন্ত্রী বলেন, বিএনপি সরকার শিক্ষা ক্ষেত্রে সর্বাধিক গুরুত্ব দিয়ে দেশের সকল

(৮–এর পৃঃ ৭–এর কঃ দ্রঃ)

(প্রথম পৃষ্ঠার পর) **শিক্ষার্জনই ছাত্রদের প্রধান দায়িত্ব**

নাগরিককে শিক্ষিত করে গড়ে তোলার পদক্ষেপ নিয়েছে।

তিনি বলেন, একজন শিক্ষিত মানুষ অধিক সচেতন হিসাবে গড়ে ওঠে এবং নিজের সমস্যা নিজেই সমাধান করতে পারে।

প্রধানমন্ত্রী শিক্ষা উন্নয়নে সরকারের বিভিন্ন পদক্ষেপ উল্লেখ করে বলেন, জনগণ এর সুফল পেতে শুরু করেছে।

তিনি শিক্ষা ক্ষেত্রে ব্যাপক অগ্রগতির উল্লেখ করে বলেন, শিক্ষার হার শতকরা ২৫ ভাগ থেকে ৩১ ভাগে বৃদ্ধি পেয়েছে এবং প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রসংখ্যা ৯২ শতাংশে পৌঁছেছে। তিনি, শিক্ষার জন্য খাদ্য কর্মসূচীর ব্যাপক প্রশংসা করে বলেন, ভবিষ্যতে এই কল্যাণমূলক কর্মসূচী আরও বৃদ্ধি করা হবে।

প্রধানমন্ত্রী বলেন, দেশের জনসংখ্যার অর্ধেক নারী। তাদের শিক্ষিত করে গড়ে তোলার জন্য নারী শিক্ষার প্রতি সরকার অত্যন্ত গুরুত্ব দিয়েছে।

তিনি বলেন, একজন মা যদি শিক্ষিত হয় তাহলে পরিবারের সকলেই শিক্ষিত হবে।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ছাত্রদের সঠিক দিকনির্দেশনা দেয়ার জন্য শিক্ষকদের প্রতি আহবান জানান যেন তারা সঠিক পথ থেকে সরে না যায়।